

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪. ১. ১৬. চাচা ভাই হয়ে গেলেন

২ বংশাবলি/ খান্দাননামা ৩৬/১০ শ্লোকে জেরুজালেমের রাজা যিহোয়াখীন সম্পর্কে বলা হয়েছে: “পরে বছর ফিরে আসলে বখতে-নাসার বাদশাহ লোক পাঠিয়ে তাঁকে ও মাবুদের গৃহস্থিত সকল মনোরম পাত্র ব্যাবিলনে নিয়ে গেলেন এবং এহুদা ও জেরুশালেমে তাঁর ভাই সিদিকিয়কে রাজা করলেন (made Zedekiah his brother king over Judah and Jerusalem: KJV & RSV)।” (কেরি ও মো.-১৩)

এখানে ‘তাঁর ভাই’ কথাটা ভুল। সঠিক হবে: ‘তার চাচা’। ২ বাদশাহনামা ২৪/১৭ (মো.-১৩): “পরে ব্যাবিলনের বাদশাহ যিহোয়াখীনের চাচা মত্তনিয়কে তাঁর পদে বাদশাহ করলেন ও তাঁর নাম পরিবর্তন করে সিদিকিয় (Zedekiah) রাখলেন।”

এ ভুলটা এত প্রকট যে বিভিন্ন বাংলা অনুবাদে তা গোপন করা হয়েছে। ইংরেজি কিং জেমস ও রিভাইজড স্ট্যান্ডার্ড উভয় ভাষানেই his brother বা ‘তার ভাই’ লেখা রয়েছে। কেরি, জুবিলী ও মো.-১৩ অনুবাদে মূল সংরক্ষিত। কিন্তু বাইবেল-২০০০ ও মো.-০৬ মূল পাঠ বিকৃত করে ‘ভাই’-এর পরিবর্তে ‘কাকা’/ ‘চাচা’ লেখেছে।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=14156>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন